



পাঁচথুপি হরিপদ গৌরীবালা কলেজ

পাঁচথুপি, মুর্শিদাবাদ

ছাত্রছাত্রীদের অবশ্য পালনীয় আচরণবিধি

(কলেজ ক্যাম্পাসে এবং ক্যাম্পাসের বাইরে কলেজের সাথে সরাসরি বা পরোক্ষভাবে
সংশ্লিষ্ট যাবতীয় ক্ষেত্রে এই আচরণবিধি মান্যতা পাবে)।

“কিছু কর্তব্য পালন করলে আসলে অনেকটা অধিকার সুরক্ষিত করা যায়”

অ) সাধারণ শৃঙ্খলা বিধি :

- ১) ক্যাম্পাসে ছাত্র ছাত্রীদের সবসময় কলেজের দেওয়া পরিচয় পত্র সাথে রাখতে হবে।
এবং কর্তৃপক্ষ তা দেখতে চাইলে সংশ্লিষ্ট ছাত্র বা ছাত্রী তা দেখাতে বাধ্য থাকবে।
- ২) উপযুক্ত কারণ সহ কর্তৃক্ষের অনুমতি থাকলে তবেই কোন ছাত্র ছাত্রী বাইরের কাউকে
নিয়ে কলেজে প্রবেশ করতে পারবে।
- ৩) ক্যাম্পাসে ধূমপান বা মদ্যপান, এবং মদ্যপান করে কলেজে প্রবেশ সম্পূর্ণ ভাবে
নিষিদ্ধ।
- ৪) কলেজে যথাসময়ে উপস্থিতি এবং বিশ্ববিদ্যালয়ের নিয়মমতো অন্তত পঁচাত্তর শতাংশ
ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক।
- ৫) ক্লাসে শিক্ষক শিক্ষিকাদের প্রবেশের পূর্বেই ছাত্র ছাত্রীরা ক্লাসরুমে উপস্থিত হবে।
- ৬) কলেজের গরিমার কথা মাথায় রেখে ছাত্র ছাত্রীদের পোশাকের শালীনতা রক্ষা
করতে হবে।

Soma Mukhopadhyay



৭) ক্যাম্পাসে ক্লাস চলাকালীন ক্লাসরূম সংশ্লিষ্ট বারান্দায় দাঁড়িয়ে থাকা যাবে না।

৮) মেয়েদের কমনরূম ও প্রসাধণ কক্ষে কেবলমাত্র মেয়েদেরই প্রবেশাধিকার।

৯) কলেজ ক্যাম্পাসের কোথাও একা বা দলবদ্ধ ভাবে জুয়া জাতীয় কোন কাজ করা যাবে না।

১০) ক্লাস চলাকালীন যে কোন প্রকার অশালীনতা ও মোবাইল ব্যবহার থেকে দূরে থাকতে হবে এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক / শিক্ষিকার মতামত চূড়ান্ত অভিযোগ বলে গ্রহণ করা হবে।

** আচরণ বিধি লঙ্ঘন করলে কতৃপক্ষ কলেজের নিয়মাবলী অনুসারে সাসপেনশন, বহিষ্ঠার, অর্থদণ্ডের যে কোন একটি বা একযোগে একাধিক দণ্ড বিধান করতে পারবে।

আ) রাষ্ট্রের সাধারণ আইন দ্বারা নির্ধারিত আচরণ বিধি :

১) একা বা দলবদ্ধ ভাবে সমস্ত প্রকার র্যাগিং করার চেষ্টা থেকে বিরত থাকতে হবে।

২) জাতি, লিঙ্গ, ধর্ম, বর্ণ, যৌন পছন্দ বা বিশেষ সক্ষমতার উল্লেখ বা ইঙ্গিত করে কারো সাথে অসদাচারণ করা যাবে না।

৩) দৈহিক, লিখিত, মৌখিক বা অনলাইন যে মাধ্যমেই হোকনা কেন আচরণ বিধি বলবৎ থাকবে।

৪) ক্যাম্পাসে কোন ক্লাসের বা কোন মানুষের অডিও বা ভিডিও রেকর্ডিং অনুমতি সাপেক্ষ।

৫) ক্যাম্পাসে ক্লাস চলাকালীন, সাধারণ অবস্থায় বা অনুষ্ঠান ইত্যাদিতে সাধারণ সদাচার রক্ষা করতে ছাত্র ছাত্রীরা বাধ্য থাকবে।

Soma Mukhopadhyay
Principal



৬) কলেজের সম্পত্তি নষ্ট করা বা নষ্টের চেষ্টা করা বা তাতে উৎসাহ দেওয়া পরিহার করতে হবে।

৭) ড্রাগের নেশা সর্বাবস্থায় পরিহার যোগ্য। এর কোন কোন কিছু বহন করাও নিষিদ্ধ।

৮) গণমাধ্যম বা সামাজিক মাধ্যমে কলেজ সংক্রান্ত মত প্রকাশের ক্ষেত্রে সংযম রক্ষা করতে সচেষ্ট হতে হবে।

৯) শিক্ষক শিক্ষাকর্মী ও শিক্ষার্থীদের ব্যক্তি মর্যাদা রক্ষা করতে হবে।

** এই সমস্ত বিধিনিয়ে ভারতীয় দণ্ডবিধির আওতাধীন।

(ই) অনুরোধ মূলক আচরণ বিধি :

১) সাধারণ পরিচ্ছন্নতা রক্ষার জন্য যথাবিহিত ডাস্টবিন ব্যবহার করতে বলা হচ্ছে।

২) প্রসাধন কক্ষে উপযুক্ত পরিমাণে জল ব্যবহার করে আরেক জনকে অসুবিধা মুক্ত করতে অনুরোধ করা হচ্ছে।

৩) বিদ্যুৎ ও জলের অপচয় দেখলে তৎক্ষণাত্ম ব্যক্তিগত ভাবে তা বন্ধ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

৪) পড়াশোনার কোন সমস্যা থাকলে প্রথমে বিভাগীয় প্রধানের সাথে এবং অফিস সংক্রান্ত কোন সমস্যায় হেড ক্লার্কের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

(সাথে সাথে কর্তৃপক্ষ, শিক্ষক ও শিক্ষাকর্মী সকলের তরফ থেকে আমাদের প্রতিষ্ঠানের সমস্ত ছাত্র ছাত্রীদের সবরকম সন্তুষ্পূর্ণ সহযোগিতার আশ্বাস প্রদান করা হচ্ছে।)

Soma Mukhopadhyay